



বিশ্ববিদ্যালয় ছাত্রদের শুধু পরীক্ষা পাসের জন্যই পড়লে চলবে না

..... প্রেসিডেন্ট
প্রেসিডেন্ট অধ্যাপক একিএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, বিশ্ববিদ্যালয় ছাত্রদের শুধু পরীক্ষায় পাস করার জন্যই পড়াশোনা করলে চলবে না। সমাজের বিভিন্ন শাখায় নেতৃত্ব দেয়ার জন্য তাদের সৃজনশীল উদ্ভাবনী, ন্যায়-পরায়ণ, দেশ প্রেমিক ও সর্বোপরি সং নাগরিক হিসাবে গড়ে উঠতে হবে। গতকাল মঙ্গলবার ঢাকার স্থানীয় এক হোটেলের ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অন্টারনেটিভ (ইউডা) এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রেসিডেন্ট ঐকথা বলেন।

প্রেসিডেন্ট বলেন, যথাযথ জ্ঞান, আধুনিক প্রযুক্তি এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে একটি বিশ্ববিদ্যালয় শুধু জাতীয় পর্যায়ের জ্ঞান কাঠামো সৃষ্টিতেই অগ্রণী ভূমিকা পালন করে না, বৃহত্তর সমাজের বিভিন্ন শাখা-প্রশাখায় মেধাবী নেতৃত্ব সৃষ্টিতেও ভূমিকা পালন করে থাকে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক। তিনি 'ইউডা' প্রতিষ্ঠার প্রচেষ্টাকে একটি আন্দোলন হিসাবে অভিহিত করে বলেন, শিক্ষা বিস্তারে এই আন্দোলন দেশকে নানাভাবে সহযোগিতা করবে।

"বিকল্প ধারার উন্নয়নে- পরিপূর্ণ শিক্ষা" এই ধারণার ওপর ভিত্তি করে যথাক্রমে ১৯৯৩ ও ১৯৯৬ সালে কলেজ অব ডেভেলপমেন্ট অন্টারনেটিভ (কোডা) ও 'স্কুল অব ডেভেলপমেন্ট অন্টারনেটিভ (সোডা)' প্রতিষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় 'ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অন্টারনেটিভ (ইউডা)'-এর যাত্রা শুরু হলো।

ইউডা ভাইস-চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দিন আহমেদ বলেন, ইউডা ছাত্রদের মধ্যে আধুনিক শিক্ষা উপকরণ যেমন কম্পিউটার, ইন্টারনেট, তথ্য প্রযুক্তির সুযোগ নিশ্চিত করার পাশাপাশি সামাজিক ও মানবিক শিক্ষা এবং মূল্যবোধ সৃষ্টির প্রতিও বিশেষ গুরুত্ব দেবে।

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুজিব খান সমাপনী বক্তব্যে সোডা, কোডা ও ইউডা প্রতিষ্ঠার ক্ষেত্রে যাদের সহযোগিতা পেয়েছেন তাদের কথা কৃতজ্ঞতার সাথে উল্লেখ করেন। -বিজ্ঞপ্তি